# Sanatan Dharma

**পঞ্চামৃত**

পঞ্চামৃত হচ্ছে পাঁচ অমৃত যা দুধ , দই , ঘৃত , মধু আর চিনি একসঙ্গে মিশিয়ে তৈরী করা হয় । এই পঞ্চামৃত দিয়েই ভগবানের স্নান অভিষেক করা হয়ে থাকে । এই পাঁচ প্রকার মিশ্রনে তৈরী পঞ্চামৃত অনেক রোগ নিরাময়ের জন্য লাভদায়ক হয় আর মনকেও শান্তি প্রদান করে থাকে ।
পঞ্চামৃতের আধ্যাত্মিক অর্থ হলো - এই পঞ্চামৃত আত্মোন্নতির পাঁচ প্রতীক -
1. দুধ = দুধ হচ্ছে পঞ্চামৃতের প্রথম ভাগ । এই দুধ হচ্ছে শুভ্রতার প্রতীক । অর্থাৎ আমাদের জীবন দুধের মতো নিষ্কলঙ্ক হওয়া চাই ।
2. দই = দই - এর গুন হলো এটা অন্যকে নিজের মতো বানায় । দই ঢালার অর্থ হলো প্রথমে আমরা নিষ্কলঙ্ক হয়ে সৎগুন ধারন করে অন্যকেও নিজের মতো তৈরী করা ।
3. ঘৃত = ঘী স্নিগ্ধতা আর স্নেহের প্রতীক । সবার সঙ্গে আমাদের স্নেহযুক্ত সম্বন্ধ হউক এই ভাবনাই ।
4. মধু = মধু মিষ্টি হওয়ার সাথে সাথে শক্তিশালীও হয় । নির্বল ব্যক্তি জীবনে কিছুই করতে পারে না । দেহে আর মন থেকে শক্তিশালী ব্যক্তিই জীবনে সফলতা পেতে পারেন ।
5. চিনি = চিনির গুন হলো মিষ্টতা । চিনি ঢালার অর্থ হলো জীবনে মিষ্টতা আনো । মিষ্টি কথা সবারই ভাল লাগে , আর তাতে মধুর ব্যবহার তৈরী হয় ।
উপরোক্ত গুনগুলিই আমাদের জীবনে সফলতা এনে দেয় ।
পঞ্চামৃত পান করলে শরীর পুষ্টি আর রোগমুক্ত হয় । পঞ্চামৃত ঠিক ততটুকু মাত্রায়ই সেবন করা উচিৎ যতটুকু মাত্রায় সেবন করা উচিৎ , তার অতিরিক্ত নয় .....

Published on: Jan, 14 2023 12:12